গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
শাখা-০৫ (ভোকেশনাল-০১)
এফ-৪/বি, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
www.techedu.gov.bd

স্মারক নং- ৫৭.০৩.০০০০.০৪০.৩২.০৮৩.১৩.অংশ-৪. ৮০২ তারিখ : ১২/০৭/২০২৬ খ্রিঃ

**বিষয় : সাম্প্রতিক বন্যা পরিস্থিতির প্রেক্ষিতে সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজসমূহের সার্বিক নিরাপত্তা বিধান, মালামাল স্থানান্তর ও জনবল ব্যবস্থাপনা সংক্রান্ত জরুরি নির্দেশনা।**

উপযুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মৌসুমি বায়ুর প্রভাবে দেশের বিভিন্ন স্থানে টানা বৃষ্টি এবং উজানে ভারতের ত্রিপুরা, পশ্চিমবঙ্গ, আসাম ও মেঘালয়ের বিভিন্ন পয়েন্টে ভারী থেকে অতি ভারী বৃষ্টিপাতের কারণে বাংলাদেশের উত্তরাঞ্চল, সিলেট বিভাগ, ময়মনসিংহ, রংপুর এবং ফেনী ও নোয়াখালীর নদ-নদীতে পানি দ্রুত বৃদ্ধি পেয়ে নিম্নাঞ্চলসমূহ সাময়িকভাবে প্লাবিত হচ্ছে। বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্রের তথ্য অনুযায়ী, দেশের বেশিরভাগ নদ-নদীর পানি ইতোমধ্যে বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত হচ্ছে এবং ভারী বৃষ্টিপাতের কারণে পাহাড়ী অঞ্চলের ভূমিধসের সম্ভাবনা রয়েছে। ফলে আকস্মিক বন্যা পরিস্থিতির আরও অবনতি ঘটার আশংকা রয়েছে।

২। কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন ১৬১টি সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজের প্রাতিষ্ঠানিক সম্পদ রক্ষা এবং জরুরি পরিস্থিতি মোকাবিলায় নিম্নবর্ণিত নির্দেশনা প্রদান করা হলো:

১. সম্পদ ও নথিপত্র সংরক্ষণ: প্রতিষ্ঠানের সার্বিক নিরাপত্তা নিশ্চিতকরণে এবং বন্যার পানি প্রবেশ করার আশঙ্কায় ল্যাবরেটরির মূল্যবান বৈজ্ঞানিক ও কারিগরি যন্ত্রপাতি, কম্পিউটার, লাইব্রেরির বই, ছাত্র-ছাত্রীদের ক্লাস গ্রহণের আসবাবপত্র এবং অফিসের গুরুত্বপূর্ণ নথিপত্র দ্রুততার সাথে ভবনের দ্বিতীয় ও তৃতীয় তলায় নিরাপদ স্থানে স্থানান্তর করতে হবে।

২. জনবল ব্যবস্থাপনা ও ছুটি নিয়ন্ত্রণ: দুর্যোগপূর্ণ পরিস্থিতি চলাকালীন সময়ে প্রতিষ্ঠানের শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের অতীব জরুরি প্রয়োজন বা চিকিৎসাজনিত কারণ ব্যতীত অন্য কোনো প্রকার ঐচ্ছিক ছুটি প্রদান করা যাবে না। সার্বিক সমন্বয়ের জন্য সংশ্লিষ্ট সকলকে কর্মস্থলে সার্বক্ষণিক উপস্থিত থাকতে হবে।

৩. জরুরি নিয়ন্ত্রণ সেল গঠন: প্রতিটি প্রতিষ্ঠানে স্থানীয়ভাবে একটি 'জরুরি দুর্যোগ মোকাবিলা সেল' গঠন করে সার্বিক পরিস্থিতি নিবিড়ভাবে পর্যবেক্ষণ করতে হবে এবং কোনো জরুরি অবস্থার সৃষ্টি হলে তাৎক্ষণিকভাবে স্থানীয় প্রশাসন ও বিভাগীয় আঞ্চলিক পরিচালকের কার্যালয়কে অবহিত করতে হবে।

৪. আশ্রয়কেন্দ্র হিসেবে প্রস্তুতি (প্রযোজ্য ক্ষেত্রে): স্থানীয় জেলা ও উপজেলা প্রশাসনের নির্দেশনা অনুযায়ী বন্যা উপদ্রুত এলাকার প্রতিষ্ঠানসমূহকে সাময়িকভাবে স্থানীয় জনগণের জন্য নিরাপদ আশ্রয়কেন্দ্র হিসেবে ব্যবহারের প্রয়োজনীয় প্রস্তুতি রাখতে হবে।

৩। এমতাবস্থায়, উক্ত নির্দেশনাবলী অবিলম্বে কঠোরভাবে প্রতিপালন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

**বিষয়টি অতীব জরুরী।**

১২.০৭.২৬

প্রকৌশলী মোঃ রেজাউল হক
পরিচালক (ভোকেশনাল)

অধ্যক্ষ
সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ (সকল - ১৬১টি)।

স্মারক নং- ৫৭.০৩.০০০০.০৪০.৩২.০৮৩.১৩.অংশ-৪. ৬০২(৫) তারিখ : ১২ /০৭/২০২৬ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠ্যতার ভিত্তিতে নহে):

১। পরিচালক (পিআইডব্লিউ/ পরিকল্পনা ও উন্নয়ন/ পিআইইউ/ প্রশাসন), কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

২। পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয়, কারিগরি শিক্ষা অধিদপ্তর, সকল বিভাগ।

৩। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (পত্রটি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

৪। মহাপরিচালক এঁর ব্যক্তিগত কর্মকর্তা, মহাপরিচালক-এর দপ্তর, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৫। সংশ্লিষ্ট নথি।

১২/০৭/২৬

(মোঃ এনায়েত করিম)
সহকারী পরিচালক

CamScanner